NYC Health

COVID-19 টিকার জন্য মনোক্লোনাল অ্যান্টিবডি চিকিৎসা

মনোক্লোনাল অ্যান্টিবডি (monoclonal antibody, mAb) চিকিৎসা হচ্ছে তাদের জন্য যাদের COVID-19 এর পরীক্ষায় পজিটিভ এসেছে এবং হাসপাতালে ভর্তি হওয়ার মত যথেষ্ট অসুস্থ নন। mAb চিকিৎসা আপনার দেহে ভাইরাসের পরিমাণ কমাতে পারে, উপসর্গ হ্রাস করতে পারে এবং হাসপাতালে না যাওয়ায় সাহায্য করতে পারে। **COVID-19 এর উপসর্গ শুরু হওয়ার পরপরই গ্রহণ করলে mAb চিকিৎসার কার্যকারিতা সবচেয়ে বেশি হয়, তাই সাথে সাথে পরীক্ষা করানো গুরুত্বপূর্ণ।**

mAb সমূহ কী?

mAb হচ্ছে গবেষণাগারে তৈরি করা এক ধরণের অ্যান্টিবডি (সংক্রমণের বিরুদ্ধে লড়াই করতে শরীর যে সমস্ত প্রোটিন তৈরি করে) যা আপনার রোগ প্রতিরোধ ব্যবস্থার তৈরি করা অ্যান্টিবডির মতই কাজ করে। আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা যে সময় নিজস্ব অ্যান্টিবডি তৈরি শুরু করছে, mAb চিকিৎসা সেই সময় আপনার শরীরকে COVID-19 এর বিরুদ্ধে লড়তে সাহায্য করে।

mAb চিকিৎসা কি নিরাপদ?

যুক্তরাষ্ট্রের খাদ্য ও ওষুধ প্রশাসন (Food and Drug Administration, FDA) mAb চিকিৎসাকে জরুরী ব্যবহারের জন্য অনুমোদন দিয়েছে। স্বাস্থ্যগত গবেষণায় চিকিৎসাগুলো নিরাপদ বলে দেখা গেছে। চিকিৎসাগুলোর নিরাপত্তা ও কার্যকারিতা সম্পর্কে FDA নজরদারি অব্যাহত রেখেছে।

mAb চিকিৎসা কি আমার জন্য সঠিক?

mAb চিকিৎসা হচ্ছে তাদের জন্য **যারা COVID-19 এর পরীক্ষায় পজিটিভ এসেছেন এবং 10 দিন বা তার কম সময় ধরে হালকা থেকে পরিমিত উপসর্গে ভুগছেন।** mAb চিকিৎসা পেতে, আপনাকে অবশ্যই 12 বছর বা তার বেশি বয়সী, ওজন কমপক্ষে 88 পাউন্ড (40 কিলোগ্রাম) এবং নিচের শর্তগুলোর একটি পূরণ করতে হবে:

18 বছর এবং তার বেশি বয়সী প্রাপ্তবয়স্কদের জন্য শর্তসমূহ	12 থেকে 17 বছর বয়সী শিশুদের জন্য শর্তসমূহ
• বডি মাস ইন্ডেক্স (body mass index, BMI) 35 বা তার বেশি • দীর্ঘকালীন কিডনির রোগ আছে • টাইপ 1 বা 2 ডায়াবেটিস মেলিটাস আছে • ফুসফুসের দীর্ঘকালীন রোগ (যেমন শ্বাসযন্ত্রের দীর্ঘমেয়াদী রোগ বা এমফাইসেমা) আছে • এমন কোনো রোগ আছে যা রোগ প্রতিরোধ ব্যবস্থা দুর্বল করে দেয় • এমন কোনো ওষুধ নেন যা রোগ প্রতিরোধ ব্যবস্থা দুর্বল করে দেয় • বয়স 55 থেকে 64 এর মধ্যে, **এবং** হৃদরোগ বা উচ্চ রক্তচাপ আছে • বয়স 65 বা তার বেশি	• রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের বৃদ্ধি ছকের উপর ভিত্তি করে (**cdc.gov/growthcharts/cdc_charts.htm** এ পাওয়া যাবে), একই বয়স ও লিঙ্গের 85% বা তার বেশি সংখ্যক রোগির সমান বা তাদের চেয়ে বেশি BMI আছে • সিকেল সেল রোগ আছে • হৃদরোগ আছে • হাঁপানি বা অন্য কোনো দীর্ঘকালীন শ্বাসযন্ত্র বা ফুসফুসের রোগ (যেমন সিস্টিক ফাইব্রোসিস) আছে যাতে দৈনিক ওষুধ প্রয়োজন হয় • সেরিব্রাল পলসি বা অন্য কোনো মস্তিস্কের বিকাশজনিত রোগ আছে • কোনো চিকিৎসা-সংক্রান্ত প্রযুক্তি, যেমন একটি ট্রাকিওস্টোমি, গ্যাস্ট্রোস্টোমি বা পজিটিভ প্রেশার ভেন্টিলেশন (COVID-19 এর সাথে সম্পর্কিত নয়) এর উপর নির্ভর করে

আপনি নিজের যোগ্যতা সম্পর্কে নিশ্চিত না হলে, আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর সাথে কথা বলুন।

mAb চিকিৎসা কিভাবে দেয়া হয়?

mAb চিকিৎসা শিরার অভ্যন্তরে (intravenous, IV) দেয়া হয়। চিকিৎসাটিতে প্রায় এক ঘন্টা সময় লাগে এবং তারপর আপনার মধ্যে তাৎক্ষণিক কোনো খারাপ প্রতিক্রিয়া দেখা দেয় কিনা বোঝার জন্য আরো এক ঘন্টা আপনাকে নজরে রাখা হয়।

পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কী কী?

অ্যালার্জিজনিত পার্শ্ব প্রতিক্রিয়া অত্যন্ত বিরল কিন্তু IV চিকিৎসা চলাকালীন বা এর পরে দেখা দিতে পারে। mAb চিকিৎসার পার্শ্বপ্রতিক্রিয়াগুলোর মধ্যে থাকতে পারে:

- IV এর স্থানে ব্যথা, ফুলে যাওয়া, রক্তক্ষরণ, রক্ত জমাট বাধা বা সংক্রমণের মত কোনো প্রতিক্রিয়া
- বমি বমি ভাব, বমি হওয়া বা ডায়রিয়া
- চুলকানি, ফুসকুড়ি বা লাল লাল দাগ

চিকিৎসাটির উপর গবেষণা চলমান থাকাকালীন আরো পার্শ্ব প্রতিক্রিয়া সনাক্ত হতে পারে। আপনার যদি IV চিকিৎসার পর জ্বর, শ্বাসকষ্ট, দ্রুত বা ধীর হৃদস্পন্দন, ক্লান্তি, দুর্বলতা বা বিভ্রান্তির মত সমস্যা দেখা দেয় বা আরো খারাপের দিকে যায়, সাথে সাথে আপনার প্রদানকারীর সাথে যোগাযোগ করুন। আপনার উপসর্গগুলো গুরুতর হলে বা খারাপের দিকে মোড় নিলে **911** এ ফোন করুন অথবা নিকটতম জরুরী বিভাগে চলে যান।

mAb চিকিৎসা আমি কোথায় পেতে পারি?

আপনার mAb চিকিৎসা নেওয়া উচিত কিনা এবং কিভাবে চিকিৎসার তারিখ ঠিক করবেন তা সম্পর্কে আপনার প্রদানকারীর সাথে কথা বলুন। একটি চিকিৎসা কেন্দ্র খুঁজে পেতে **hitesite.org/monoclonalantibody** ভিজিট করুন। এছাড়া আপনি **expresscare.nyc** এ গিয়ে "Talk to a Doctor Now" (একজন ডাক্তারের সাথে কথা বলুন) এ ক্লিক করে, অথবা 212-268-4319 নম্বরে ফোন করে একজন NYC হেলথ + হস্পিটালস (NYC Health + Hospitals) ডাক্তারের সাথেও কথা বলতে পারেন।

mAb চিকিৎসায় কত খরচ হয়?

Medicaid ও Medicare প্ল্যানসমূহ mAb চিকিৎসাকে বিনামূল্যে প্রদান করে। আপনার যদি বেসরকারী বীমা থাকে, আপনার স্বাস্থ্য প্ল্যান এবং চিকিৎসা কেন্দ্রের সাথে কথা বলে খরচ সম্পর্কে জেনে নিন। NYC হেলথ + হস্পিটালস (NYC Health + Hospitals) অভিবাসন স্থিতি বা অর্থ প্রদানের ক্ষমতা নির্বিশেষে চিকিৎসা ও সেবা প্রদান করে।

আমি কি mAb চিকিৎসা নেওয়ার পরেও একটি COVID-19 টিকা পেতে পারি?

হ্যাঁ, কিন্তু mAb চিকিৎসা নেওয়ার পর COVID-19 টিকা নেওয়ার আগে আপনাকে কমপক্ষে 90 দিন অপেক্ষা করতে হবে।

আমি ইতোমধ্যেই একটি COVID-19 টিকা নিয়ে থাকলেও কি mAb চিকিৎসা পেতে পারি?

হ্যাঁ। আপনার যদি COVID-19 এর উপসর্গ থাকে এবং পরীক্ষায় পজিটিভ আসে, আপনি mAb চিকিৎসা পেতে পারেন।

আমার যদি COVID-19 এর জন্য পরীক্ষা করানো না হয়?

আপনার যদি জ্বর, কাশি, শ্বাসকষ্ট, গলা ব্যথা, মাথা ব্যথা, বা স্বাদ বা গন্ধের অনুভূতি হারিয়ে ফেলা, বা অন্য কোনো ধরনের অসুস্থতার মত COVID-19 এর উপসর্গগুলো থাকে, তাহলে সাথে সাথে পরীক্ষা করান। আপনার কাছাকাছি একটি টেস্টিং সাইট খুঁজে বের করতে **nyc.gov/covidtest** এ যান।

আমি কিভাবে COVID-19 এর চিকিৎসা সম্পর্কে আরো জানতে পারি?

আপনি COVID-19 এর বিভিন্ন ধরনের চিকিৎসা সম্পর্কে **combatcovid.hhs.gov** বা **infusioncenter.org** ভিজিট করে জানতে পারেন।